সমকাল

তারিখ … 29 MAY 2016 …
পৃষ্ঠা … কলাম …

## ব্র্যাক ব্যাংক-সমকাল সাহিত্য পুরস্কার

# সৃজনশীলতায় প্রেরণা ও উৎসাহ

লেখালেখিতে সমকালীন, কিন্তু মানে কালোত্তীর্ণ– এমন লেখক পুরস্কারের জন্য মনোনীত হলে বিচারকরা বিবেকের কাছে স্বচ্ছ থাকেন, বাংলাদেশের সাহিত্যে নতুন কিছু পাওয়ার প্রত্যাশায় উন্মুখ থাকা ব্যক্তিরা সন্তুষ্ট হন। খ্যাতি-যশের প্রত্যাশা নেই, এমন মানুষ বিরল। লেখকও ব্যতিক্রম নন। পাঠকপ্রিয়তা সবার কাম্য। জনপ্রিয়তাও চাইবেন তারা। লেখার জন্য পুরস্কার এক ধরনের সামাজিক স্বীকৃতি। এ জন্য প্রতিযোগিতায় নামতে হলেও অনেকের আপত্তি থাকে না। ব্র্যাক ব্যাংক-সমকাল সাহিত্য পুরস্কার প্রদানের পঞ্চম বছরে প্রায় পাঁচশ' বই জমা পড়া তো তারই সাক্ষ্য। শুক্রবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ পুরস্কার প্রদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানটি প্রবীণ-নবীন লেখক, সাংবাদিক, প্রকাশক, শিল্পী, বুদ্ধিজীবীসহ সমাজের বিশিষ্টজনের উপস্থিতিতে বরাবরের মতোই আনন্দমুখর ও উপভোগ্য হয়ে উঠেছিল। দেশের শীর্ষস্থানীয় একটি বাণিজ্যিক ব্যাংক এবং অসংকোচ প্রকাশের দুরন্ত সাহসে ২০০৫ সাল থেকে পথচলা জাতীয় দৈনিক সমকালের যৌথ উদ্যোগে চালু এ পুরস্কারটি লেখক সম্প্রদায়ের কাছে কতটা আকাঙ্ক্ষা ও গর্বের হয়ে উঠবে, গোড়ার দিকে সে শঙ্কা ছিল বৈকি। তবে ২০১৫ সালের সাহিত্যকর্ম থেকে সেরা তিনজনকে বাছাই করতে গিয়ে বিজ্ঞ বিচারকমণ্ডলী যেভাবে কয়েকটি মাস দুরূহ ও কষ্টসাধ্য সময় কাটানোর অভিজ্ঞতা অনুষ্ঠানে তুলে ধরেছেন, তাতে স্পষ্ট যে দুশ্চিন্তার মেঘ নেই, ঝলমলে রোদ উঠেছে আকাশে। সাহিত্যকে বিচারের মানদণ্ডে ফেলা যে কোনো দেশেই কঠিন। কিন্তু এটাও স্বীকৃত যে, এমন উদ্যোগ লেখককে প্রেরণা দেয়, তাদের সৃষ্টি সমৃদ্ধ করে। ব্র্যাক ও সমকালের মতো আরও অনেক প্রতিষ্ঠান এমন মহতী উদ্যোগ গ্রহণ করবে– এ প্রত্যাশা থাকল। এবার পুরস্কার পেয়েছেন কবি নির্মলেন্দু গুণ, রাজকুমার সিংহ ও স্বকৃত নোমান। তাদের অভিনন্দন। সৃষ্টিশীল লেখকদের জন্য ঘটা করে পুরস্কার গ্রহণ কখনও কখনও বিড়ম্বনার কারণ হয় বৈকি। কিন্তু ব্র্যাক ব্যাংক ও সমকাল সাহিত্য পুরস্কারের আয়োজকরা মনে করেন, সম্মানলাভের যোগ্য যিনি, সৃজনশীলতা ও মননে যিনি অনেককে ছাপিয়ে যেতে পারেন, তাকে সময়মতো যোগ্যতার স্বীকৃতি দিতে হয়। মানসম্পন্ন সাংবাদিকতার সঙ্গে সাহিত্য-সংস্কৃতির প্রসার ও গভীরতা দানে সমকাল-এর রয়েছে নিরলস চেষ্টা। শুক্রবারের নিয়মিত প্রকাশনা 'কালের খেয়া' রাজধানী ঢাকা থেকে শুরু করে প্রত্যন্ত জনপদ এবং প্রবাসের বাঙালিদের সৃজনশীল রচনা প্রকাশে যত্নবান। অন্যদিকে, দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড এগিয়ে নিতে নিরন্তর প্রয়াসে নিয়োজিত রয়েছে ব্র্যাক ব্যাংক। তাদের সামাজিক দায়বদ্ধতার তাগিদও প্রবল। এ দুটি প্রতিষ্ঠান 'আমার যেটুকু সাধ্য করিব তা আমি' মন্ত্র নিয়ে এগিয়ে চলছে এবং সাহিত্য-সংস্কৃতিসহ যে কোনো সৃজনশীল কর্মকাণ্ডে তা অব্যাহত থাকবে। ব্র্যাক ব্যাংক-সমকাল সাহিত্য পুরস্কার বিজয়ীদের অভিনন্দন।